

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স- ১৩৩৯

সোনামুড়া, ২৪ সেপ্টেম্বর, ২০২৪

সোনামুড়া মহকুমায় মেগা আইন সেবা শিবির

সিপাহীজলা জেলা আইনসেবা কর্তৃপক্ষের উদ্যোগে আজ সোনামুড়া মহকুমার কমলনগর দ্বাদশ শ্রেণী বিদ্যালয় মাঠে এক মেগা আইন সেবা শিবির অনুষ্ঠিত হয়। শিবিরের উদ্বোধন করেন সিপাহীজলা জেলার জেলাশাসক ও সমাহর্তা ড. সিদ্ধার্থ শিব জয়সওয়াল। শিবিরের উদ্বোধন করে জেলাশাসক এধরণের মেগা আইন সেবা শিবিরের আয়োজন করায় উদ্যোক্তাদের ধন্যবাদ জানান ও জনসাধারণকে এই মেগা আইন সেবা শিবিরের সুবিধা গ্রহণ করার জন্য আহ্বান জানান। উদ্বোধনী অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন জেলা ও দায়রা জজ পি কুমার, চিফ লিগ্যাল এইড ডিফেন্স কাউন্সিল পি কে দেব, সোনামুড়া মহকুমার অতিরিক্ত মহকুমা শাসক রূপন দাস প্রমুখ। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বক্সনগর পঞ্চায়েত সমিতির চেয়ারপার্সন স্বপ্না নমঃ। স্বাগত বক্তব্য রাখেন জেলা লিগ্যাল সার্ভিস অথরিটির লানার্ড ডিস্ট্রিক্ট সেক্রেটারি এইচ বেগম। ধন্যবাদসূচক বক্তব্য রাখেন জেলা সহকারি লিগ্যাল এইড ডিফেন্স কাউন্সিল আফুজা ইসলাম। মেগা আইন সেবা শিবিরে আইন সংক্রান্ত বিষয় ছাড়াও মহকুমা প্রশাসন, প্রাণীসম্পদ বিকাশ, মৎস্য, আইসিডিএস, কৃষি, উদ্যান, বন, শ্রম দপ্তর থেকে জনগণকে বিভিন্ন সরকারি সুযোগ সুবিধা দেওয়া হয়।
